# জয়িতা ফাউন্ডেশন

## কি, কেন ও কিভাবে



**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কি

নারীসমাজকে বিভিন্নমূখী ব্যবসায়ী উদ্যোগে অংশগ্রহনে উৎসাহিত করা ও সহায়তা দান করার জন্য জয়িতা ফাউন্ডেশন একটি অনন্য ও সৃজনশীল বাংলাদেশী প্রতিষ্ঠান।

নারী উদ্যোক্তাদের জন্য দেশব্যাপী একটি আলাদা বিপণন নেটওয়ার্ক গড়ে তোলা ও লালন করা জয়িতা ফাউন্ডেশনের দায়িত্ব, যেখানে নারীরা তাদের উৎপাদিত পণ্য ও সেবা বিপণন ও বাজারজাত করবে।

জয়িতা-র নামে একটি অনন্য ব্র্যান্ড ভ্যালু সৃষ্টি করা জয়িতা ফাউন্ডেশন দায়িত্ব , যার আওতায় নারীদের দ্বারা পরিচালিত ব্যবসায়ী উদ্যোগগুলি লালন করা হবে।

একটি ব্যবসা অনুকূল পরিবেশ সৃষ্টি করা জয়িতা ফাউন্ডেশনের দায়িত্ব , যেখানে নারীরা অনায়াসে ব্যবসা পরিচালনা করতে পারে।

সম্ভাব্য সকল ধরনের সহায়তা সেবা প্রদান জয়িতা ফাউন্ডেশনের দায়িত্ব , যাতে নারীরা সফল ব্যবসায়ী উদ্যোক্তা হিসাবে গড়ে উঠতে পারে।

উৎপাদন থেকে বিপণন পর্যন্ত নারীদের দ্বারা উৎপাদিত পণ্য ও সেবার সাপ্লাই চেন গড়ে তোলা ও তার সুষ্ঠু ব্যবস্থাপনা করা জয়িতা ফাউন্ডেশনের দায়িত্ব।

সাপ্লাই চেনের বিভিন্ন পর্যায়ে নারীদেরকে নিয়োজিত করার জন্য তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিও জয়িতা ফাউন্ডেশনের অন্যতম দায়িত্ব।

সর্বোপরি জয়িতা ফাউন্ডেশন ব্যবসা ক্ষেত্রে নারীদের প্রতি অগ্রাধিকার বিবেচনাদানের অনুঘটক হিসাবে কাজ করবে, যাতে ব্যবসাক্ষেত্রে জেন্ডার সমতা নিশ্চিত করা যায়।



## কেন

অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের নগণ্য উপস্থিতির প্রেক্ষাপটে দেশের অর্ধেক জনগোষ্ঠী- নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করার জন্য জয়িতা ফাউন্ডেশনের ন্যায় একটি বিশেষায়িত প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভূত হয়।

অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অনগ্রসরতা হ্রাসের মাধ্যমে ব্যবসাক্ষেত্রে জেন্ডার সমতা অর্জনের জন্য নারীদেরকে অগ্রাধিকার বিবেচনা প্রদানের অনুঘটক হিসাবে জয়িতা ফাউন্ডেশনের অনুরূপ একটি অনন্য প্রতিষ্ঠানের অপরিহার্য্যতা বিশেষভাবে অনুভূত হয়।

নারী ও শিশু সহ সমাজের যে কোন অনগ্রসর জনগোষ্ঠীর অনগ্রসরতা হ্রাসের লক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনের অনুরূপ বিশেষ উদ্যোগ গ্রহনের জন্য বাংলাদেশের সংবিধানের ২৮ (৪) ধারায় সুযোগ রয়েছে।

পিতৃতান্ত্রিক সমাজব্যবস্থায় নারীদেরকে দায় হিসাবে গন্য করার প্রবনতা লক্ষ্য করা যায়। তা দূর করার লক্ষ্যে অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের উত্তরোত্তর অংশগ্রহন বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিকভাবে ক্ষমতায়িত করে নারীদেরকে সম্পদে রূপান্তর করার ক্ষেত্রে জয়িতা ফাউন্ডেশনের প্রাসঙ্গিকতা অত্যন্ত সুস্পষ্ট।

সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিশন, ২০২১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG), ২০৩০ অর্জনের ক্ষেত্রে জয়িতা ফাউন্ডেশনের উদ্যোগ পরিপূরক ও সময়য়ানুগ।



## কিভাবে

এখানে জয়িতা ফাউন্ডেশনের ভিশন, মিশন ও কৌশলগত উদ্দেশ্যসমূহ উল্লেখ করা প্রাসঙ্গিক। তা নিম্নরূপ :

### ভিশন :


নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে লিঙ্গ সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণ।

### মিশন :

নারীর প্রতি বিশেষ অগ্রাধিকার বিবেচনা প্রদানের মাধ্যমে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণার্থে-

(ক) নারী উদ্যোক্তাদের জন্য দেশব্যাপী আলাদা একটি নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গড়ে তোলা;

(খ) নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক কেন্দ্রীক গ্রাম থেকে শহর অবধি, উৎপাদন থেকে বিপণন পর্যন্ত আলাদা সাপ্লাই চেন গড়ে তুলে নারীদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে চেনের বিভিন্ন পর্যায়ে তাঁদেরকে অর্থনৈতিকভাবে নিয়োজিত করা।




## কৌশলগত উদ্দেশ্যসমূহ

নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসাবে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধি করা;

জয়িতা ফাউন্ডেশনের আওতায় কর্মরত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতিসমূহের ব্যবসানুকূল প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;

সকল প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও ব্যবসা অনুকূল পরিবেশ সৃজন সহ নারীবান্ধব ভৌত বাজার কাঠামো গড়ে তোলা;

বহুমূখী ব্যবসা উদ্যোগের জন্য নারীদেরকে প্রয়োজনীয় সক্ষমতা ও দক্ষতা দান করা।



# জয়িতা ফাউন্ডেশন
## যৌক্তিক কাঠামো

**গন্তব্য**

**নারীরা অর্থনৈতিকভাবে ক্ষমতায়িত**

↑ ↑ ↑

| পূর্বশর্ত | পূর্বশর্ত | পূর্বশর্ত |
|---|---|---|
| শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য দেশব্যাপী আলাদা নারীবান্ধব বিপণন নেটওর্য়াক ও সাপ্লাই চেইন বিদ্যমান | দেশব্যাপী নারীবান্ধব আলাদা সাপ্লাই চেন সহ বিপণন নেটওর্য়াকে নিয়োজিত সক্ষম নারী উদ্যোক্তা বিদ্যমান | নারীর ব্যবসা অনুকূল পরিবেশ দেশব্যাপী বিদ্যমান |
| ভৌত অবকাঠামো উন্নয়ন | সক্ষমতা উন্নয়ন | অনুকূল পরিবেশ সৃজন |

↑ ↑ ↑

| কার্যক্রম | কার্যক্রম | কার্যক্রম |
|---|---|---|
| একটি বিশেষায়িত প্রতিষ্ঠান সৃজন করে উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে সরকার সহ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে নিরবচ্ছিনভাবে যোগাযোগের মাধ্যমে দেশব্যাপী নারীদের জন্য আলাদা নারীবান্ধব বিপণন নেটওর্য়াক ও সাপ্লাই চেইন গড়ে তোলার ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সম্পদের যোগান নিশ্চিতকরণ। | যথাযথ সক্ষমতা ও ভাবমূর্তি সহ একটি বিশেষায়িত প্রতিষ্ঠান সৃজন করে সৃজিত প্রতিষ্ঠানের কৌশলগত অবস্থান সমাজে এমনভাবে নিশ্চিত করা যাতে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডায়ের সাথে যোগাযোগ ও সমন্বয় করে নারী উদ্যোক্তা উন্নয়ন সহায়ক দক্ষতা, সক্ষমতা বৃদ্ধিমূলক চলমান উদ্যোগগুলিকে উদ্দিষ্ট লক্ষ্যের দিকে সমন্বিতভাবে পরিচালনা নিশ্চিতকরণ। | কৌশলগতভাবে উপযোগী ও অভিনব প্রচার কৌশল গ্রহণের জন্য উপযোগী ভাবমূর্তি ও সক্ষমতাসহ একটি বিশেষায়িত প্রতিষ্ঠান সৃজন করে সৃজিত প্রতিষ্ঠানের মাধ্যমে নারী উদ্যোক্তা উন্নয়ন অনুকূল পরিবেশ দেশব্যাপী গড়ে তোলার লক্ষ্যে উপযুক্ত প্রচার কৌশল গ্রহন ও তা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণ। |






"......যে জয়িতা আজকে আমরা ঢাকায় চালু করলাম, পর্যায়ক্রমিকভাবে জেলা-উপজেলা এবং ডিভিশনাল হেড কোয়ার্টারেও আমরা করতে যাচ্ছি ....."

মাননীয় প্রধানমন্ত্রী
**শেখ হাসিনা**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(জয়িতা-র উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত বক্তৃতা হতে উদ্বৃতি)




**জয়িতা ফাউন্ডেশন**
ঠিকানা: রূপা প্লাজা, ৪র্থ ও ৫ম তলা, ধানমন্ডি- ২৭, ঢাকা
ফোন: ৯১২৪৩০৬
e-mail: joyeetafoundation@yohoo.com
Website: www.joyeeta.com.bd
Shop online: www.ejoyeeta.com
Facebook: www.facebook.com/ejoyeeta


ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার প্যাভিলিয়ন নং - আর.পি - ২